

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
জাহাজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন 'নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর' এর (কর্মকর্তা ও কর্মচারি) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-১ এ ক্রমিক নং ১২(ক) এর পরে ক্রমিক নং ১২(খ)তে ০১ (এক)টি গাড়ি চালক (মাইক্রোবাস ড্রাইভার) পদ অন্তর্ভুক্ত করে নিয়োগ বিধিমালা সংশোধন সংক্রান্ত বিষয়ে সভার কার্যবিবরণী।

সভাপতি : শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি  
অতিরিক্ত সচিব  
নৌপরিবহন মন্ত্রণালয়  
সভার তারিখ : ১৬-০৮-২০২৩ খ্রি.  
সময় : বেলা ০১.০০ ঘটিকা  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সৈয়দ আলী আহসান, উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয় সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের পরিচালক (উপসচিব) জনাব সুমন বড়ুয়া সভায় বলেন, নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর কার ড্রাইভার পদটি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পদ। তিনি জানান, ২০২০ সালে কার ড্রাইভার পদটি সৃজন করা হয়েছে। নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের ২০০৬ সালের নিয়োগ বিধিমালার ১২(ক)তে কার ড্রাইভার (গাড়ী চালক) এর ০১টি পদ রয়েছে। ১২(ক) এর পর ১২(খ) তে ২০২০ সালে নতুন সৃজনকৃত কার ড্রাইভার (গাড়ী চালক) পদটি দাপ্তরিক প্রয়োজনে নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধন করে নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

৩। নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (জাহাজ) বেগম সুরাইয়া পারভীন শেলী সভায় জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২০২০ সালে প্রকাশিত 'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' মোতাবেক যেকোনো দপ্তর/সংস্থা গাড়ী চালক পদে লোক নিয়োগ করতে পারে। নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের কার ড্রাইভার (গাড়ী চালক) পদে নিয়োগের শর্তাবলীতে 'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' মোতাবেক কার ড্রাইভার (গাড়ী চালক) নিয়োগযোগ্য বিষয়টি নিয়োগ বিধিমালাতে অন্তর্ভুক্ত করা উচিত। তিনি সভায় আরও জানান, যেহেতু 'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' এ গাড়ী চালক পদ রয়েছে সেহেতু নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের কার ড্রাইভার (গাড়ী চালক) পদে উক্ত নিয়োগ বিধিমালা মোতাবেক লোক নিয়োগ করা যাবে কি না সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া যেতে পারে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

"জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২০২০ সালে প্রকাশিত 'সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' মোতাবেক নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ 'নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর' এর কার ড্রাইভার (গাড়ী চালক) পদে লোক নিয়োগ প্রদান করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত গ্রহণের পর নিয়োগ বিধিমালা সংশোধন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে"।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ:- ২২-০৮-২০২৩

শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি

অতিরিক্ত সচিব

নৌপরিবহন মন্ত্রণালয়

(অঃ পৃঃ দঃ)

নং-১৮.০০.০০০০.০২৪.১১.০০১.২৩-৪৩৮

০৭ ভাদ্র, ১৪৩০

তারিখ:-----


২২ আগস্ট, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (উপসচিব), নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ✓ ১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(সৈয়দ আলী আহসান)  
উপসচিব  
ফোন: ২২৩৩৮০৭৮৬  
ds.ship@mos.gov.bd